

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪০৫৬

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (کتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/২৮. কিয়ামতের নিদর্শনাবলী

بَابِ الْآيَاتِ

### আরবী

حَدَّ اَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى، حَدَّ اَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ وَابْنُ، لَهِيعَةَ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيب، عَنْ سِنَانِ بْنِ سَعْد، عَنْ أَنسِ بْنِ مَالِك، عَنْ رَسُولِ اللَّهِ لَهِيعَةَ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيب، عَنْ سِنَانِ بْنِ سَعْد، عَنْ أَنسِ بْنِ مَالِك، عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم - قَالَ " بَادِرُوا بِالأَعْمَالِ سِتَّا طُلُوعَ الشَّمْسِ مِنْ مَعْرِبِهَا وَالدُّخَانَ وَدَابَّةَ الأَرْضِ وَالدَّجَّالَ وَخُويْصَّةً أَحَدِكُمْ وَأَمْرَ الْعَامَّةِ " .

#### বাংলা

২/৪০৫৬। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ছয়টি বিষয় প্রকাশিত হওয়ার পূর্বেই সৎকাজে অগ্রবর্তী হও। পশ্চিম দিক থেকে সূর্যোদয়, ধোঁয়া নির্গত হওয়া, দাববাতুল আরদ-এর আত্মপ্রকাশ, দাজ্জালের আবির্ভাব এবং বিশেষ বিপদ ও ব্যাপক বিপদ।

## **English**

It was narrated from Anas bin Malik that the Messenger of Allah (ﷺ) said: "Hasten to do good deeds (before) six things (happen): The rising of the sun from the west (place of its setting), the smoke, the beast of the earth, Dajjal (False Christ), that which will happen to each of you (death); and that which will happen to all people (the Day of Resurrection)."

### ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ৭৫৯। তাহকীক আলবানীঃ হাসান সহীহ। উক্ত হাদিসের রাবী ইবনু লাহীআহ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তার হাদিসের ব্যাপারে কোন সমস্যা নেই। আমর বিন ফাল্লাস বলেন, তার কিতাব সমূহ পুড়ে যাওয়ায় হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। কিতাব সমূহ পুড়ে যাওয়ায় যে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। আবু বাওয়ায় যে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। আবু



বকর আল-বায়হাকী বলেন, তার হাদিস দলীল হিসেবে গ্রহণযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী তাকে দুর্বল বলেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার কিতাব সমূহ পুড়ে যাওয়ার পর হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। বিশর ইবনুস সারী বলেন, যদি তার সাথে আমার সাক্ষাৎ হত তবে আমি তার থেকে কোন হাদিস গ্রহন করতাম না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৫১৩, ১৫/৪৮৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন